দৈনিক ইনকিলাব

তারিখ 10 SEP 1986

পৃষ্ঠা 5 কলাম 3

079

## প্রাথমিক শিক্ষার মান

# শিক্ষাঙ্গন

প্রাথমিক শিক্ষাকে পূর্ণাঙ্গ ও প্রকৃতভাবে বাস্তবায়ন করতে হলে শিশুদের কতগুলো শিক্ষায় শিক্ষিত করে তোলা দরকার। যেমন (১) নৈতিক শিক্ষা, (২) বাস্তব ট্রেনিং, (৩) জ্ঞানগত শিক্ষা।

(১) নৈতিক শিক্ষাঃ এ শিক্ষায় শিশুরা শিক্ষিত হলে একজন আদর্শবান মানুষ হিসেবে গড়ে উঠতে পারবে। যেমন— শৃংখলা, সচ্চরিত্র, পবিত্রতা, সভ্য, ভদ্র, কর্তব্যপরায়ণতা, দায়িত্ববোধ, শিষ্টাচার, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সুরুচি, ভাল-মন্দ বুঝা ইত্যাদি চরিত্র গঠনমূলক ও আদর্শ হওয়ার কাজগুলো সম্পর্কে শিশুদের সচেতনভাবে গড়ে তুললে শিশুটি অবশ্যই আদর্শবান হবে।

(২) বাস্তব ট্রেনিং শিক্ষাঃ শিশুদের কচি মনেই কিছু কিছু উৎসাহমূলক কাজের ট্রেনিং দিয়ে অন্যান্য কাজের সহায়তা করার জন্য উৎসাহ প্রদান করা দরকার। যেমন— নৌকা চালনা, সাঁতার কাটা, তলোয়ার চালনা, সাইকেল চালনা, প্রাথমিক চিকিৎসা পদ্ধতি সম্পর্কে বাস্তব কিছু জ্ঞান লাভ করা। বক্তৃতা করা, প্রবন্ধ লেখা, কবিতা-গল্প লেখা, ছবি আঁকা ইত্যাদিতে পারদর্শী করে তোলা দরকার। এছাড়াও সাধারণ জমা-খরচ, মাপ-ওজন ইত্যাদিতেই শিশুকে ভালভাবে বাস্তব ট্রেনিং দেয়া দরকার।

(৩) জ্ঞানগত বিদ্যাঃ মাতৃভাষা— মাতৃভাষা লিখতে, পড়তে ও সাধারণ ধরনের বই-পুস্তক পত্র-পত্রিকা পড়তে ও বুঝতে পারার মত অভিজ্ঞ করে তোলা প্রয়োজন।

শিশুদের কোরআন শরীফ পড়তে-লিখতে পারার মত জ্ঞান দান করা, ইংরেজী ভাষার প্রাথমিক জ্ঞান সম্পর্কিত বই-পুস্তক পাঠ্য করে বাংলা ও আরবী ভাষার পাশাপাশি জ্ঞান দান করা। যাতে তারা পড়তে, লিখতে ও কিছু কিছু অর্থ বুঝতে পারে।

অংক শাস্ত্র ও ভূগোল শাস্ত্রের মোটামুটি জ্ঞান প্রদান করতে হলে দরকার বুদ্ধিবৃত্তিক অনুশীলনী এবং ভূগোলে নিজ জেলা, নিজ দেশ সম্বন্ধে ভৌগোলিক জ্ঞান পূর্ণভাবে প্রদান করা। নবীদের ও মুসলিম মনীষীদের জীবন-কাহিনী জানতে পারে ইসলাম ও মুসলিমানদের ইতিহাস বিষয় প্রাথমিক পর্যায়ের উপরের শ্রেণীগুলোতে তা পাঠ্য করলে। এ ছাড়াও মানচিত্র অংকন, মানচিত্র পঠনের যোগ্যতা, ছবি আঁকা, স্বাস্থ্য বিজ্ঞান, ইসলামী আকীদা-আখলাক, সভ্যতা, সংস্কৃতি, ফিকাহ ইত্যাদি সম্বন্ধে সাধারণ জ্ঞান শিশুদের প্রদান করতে পারলে একটি শিশু অবশ্যই পূর্ণাঙ্গভাবে গড়ে ওঠতে পারবে। তাতে কোন সন্দেহ নেই।

শামীম আজাদ আনোয়ার
দরগা রোড, ত্রিশাল
ময়মনসিংহ।